দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 MAR 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# খাজা আহাম্মদ বিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন

■ দাগনভূঞা (ফেনী) সংবাদদাতা

বিদ্যালয়ের পরিচর্যা সুপেয় পানির ব্যবহার শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতিসহ পরিবেশ রক্ষার্থে সরকার হাইস্কুলগুলোতে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণিতে ছাত্র সংসদ নির্বাচনের মধ্য দিয়ে স্কুল ছাত্র প্রতিনিধি নির্বাচনের ধারাবাহিকতায় মঙ্গলবার সকালে দাগনভূঞার সিন্দুরপুর খাজা আহাম্মদ উচ্চ বিদ্যায়ের ছাত্র সংসদ নির্বাচন সম্পন্ন হয়েছে। এতে ৭ জন প্রতিনিধি নির্বাচিত হয়েছে। নির্বাচনে ২৯ জন প্রতিদ্বন্দ্বিতা করে।

নির্বাচিতরা হলো— ১০ম শ্রেণির সানজিদা আফরোজ প্রমি, ৯ম শ্রেণির ফারজানা আক্তার মিতা ও আব্দুল আহাদ, ৮ম শ্রেণির নুসরাত জাহান, ৭ম শ্রেণির নাজমুল হাসান, ৬ষ্ঠ শ্রেণির সামারা কিনতে রায়হান ও রফিকুল ইসলাম রাতুল। ছাত্র সংসদ নির্বাচনে শিক্ষার্থীদের মাঝে ১০ম শ্রেণির মেহেরাব হোসেনকে নির্বাচন কমিশনার এবং ৯ম শ্রেণির ফারজানা আক্তার ও শওকত আলী ইমনকে সহকারী নির্বাচন কমিশনার এবং সাদেক হোসেন খোকাকে স্বেচ্ছা সেবক কমান্ডার নিয়োগ করা হয়।